

# খুলেছে ঢাবি, বৈধ শিক্ষার্থীরাই উঠতে পারবেন হলে

ঢাবি প্রতিবেদক

০৭ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদেশময়



কারফিউ ওঠার পর গতকাল মঙ্গলবার থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) খুলে দিয়েছে বিশ্ববিদ্যালয় সিভিকেট। আবাসিক হলগুলোতে কেবল বৈধ শিক্ষার্থীদের উঠানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল বেলা ১১টায় উপাচার্য অধ্যাপক এএসএম মাকসুদ কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সিভিকেটের এক জরুরি সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয় বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় আজ (মঙ্গলবার) থেকে খোলা এবং হলে বৈধ শিক্ষার্থীদের উঠানে ও হলসমূহের সেবা কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ক্লাস, পরীক্ষাসহ একাডেমিক কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে চালু করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।

প্রসঙ্গত, কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সহিংসতার মধ্যে গত ১৭ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। ওই দিন সন্ধ্যা ৬টার মধ্যে হল ছাড়ার নির্দেশ দিলে শিক্ষার্থীরা সেদিনই হল ত্যাগ করেন। তবে শিক্ষকরা তাদের আবাসিক ভবনে বসবাস করেন।

[খবর](#) থেকে আরও পড়ুন